



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১১৮/৩৬৩৪২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

বিষয়: এডহক কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ এবং বিধি মোতাবেক ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালন প্রসঙ্গে

সূত্র: মাননীয় সংসদ সদস্যের ১৩.০৪.২০২১খ্রিঃ তারিখের ডিওপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসার অবসরপ্রাপ্ত সুপার এবং সদ্য অনুমোদনপ্রাপ্ত এডহক কমিটির বিরুদ্ধে স্থানীয় মাননীয় সংসদ সদস্য ১৫২ ময়মনসিংহ-৭ (ত্রিশাল) অত্র বোর্ডে ডিও পত্র প্রেরণ করেছেন। ডিওপত্র পর্যালোচনায় দেখা যায়, এডহক কমিটির সভাপতি মনোনয়নের জন্য ডিও পত্র দেয়া সত্ত্বেও মাদ্রাসার সুপার অন্য ব্যক্তির নাম প্রস্তাব করে গোপনে এডহক কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন গ্রহণ করেছেন। এছাড়া ২৮/০২/২০২১খ্রিঃ তারিখে সুপার অবসরে গমনের পর এডহক কমিটি কর্তৃক সহ-সুপারকে বাদ দিয়ে ভারপ্রাপ্ত সুপার পদে কম্পিউটার শিক্ষককে দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে এবং তৎসঙ্গে শিক্ষকের তালিকা ও এমপিও শীটের কপি দাখিল করেছেন।

মাননীয় সংসদ সদস্যের ডিও পত্রের বর্ণনা ও সংযুক্ত কাগজপত্র পর্যালোচনান্তে প্রতীয়মান হয় যে, সুপারের অবর্তমানে সহ-সুপারকে দায়িত্ব প্রদান না করে কম্পিউটার শিক্ষককে দায়িত্ব প্রদান বিধি বহির্ভূত; এবং স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিওপত্র উপেক্ষা করে গোপনে এডহক কমিটি গঠন সুপার কর্তৃক অসদাচরণের সামিল ও প্রবিধানমালার পরিপন্থী।

এমতাবস্থায়, উপর্যুক্ত পর্যালোচনার আলোকে-

ক) সুপারের অবর্তমানে বিধি মোতাবেক ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব সহ-সুপার অথবা সহ-সুপারের অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক দায়িত্ব পালন করবেন; এবং

খ) মাননীয় সংসদ সদস্যের ডিওপত্র উপেক্ষা করা এবং গোপনে এডহক কমিটি গঠন করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮ এর ক্ষমতাবলে অনুমোদিত এডহক কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য মাদ্রাসার সহ-সুপার/ভারপ্রাপ্ত সুপার ও এডহক কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩০.০৪.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: ১) ভারপ্রাপ্ত সুপার, ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর: ধানীখোলা, ত্রিশাল, ময়মনসিংহ।

২) সভাপতি- এডহক কমিটি, ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর: ধানীখোলা, ত্রিশাল, ময়মনসিংহ;

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১১৮/৩৬৩৪২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রনী ব্যাংক লিঃ..... শাখা, ত্রিশাল, ময়মনসিংহ;
৬. সদস্যবৃন্দ- এডহক কমিটি, ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৩/৪/২১

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd